# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৭ | ৮ |

## বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । যেকোনো ৭টি প্রশ্নের উত্তর দাও ]

১. কুমকুম সোপ ইন্ডাস্ট্রিজের সাপ্তাহিক উৎপাদন ক্ষমতা ৪০,০০০ একক। সে অনুপাতে উৎপাদন বিভাগে কর্মী নিয়োজিত আছে। কাঙ্খিত পরিমাণ সাবান উৎপাদনের জন্য প্রতি সপ্তাহে ৫ টন কাঁচামাল প্রয়োজন। প্রতিষ্ঠানটির ক্রয়-বিক্রয় বিভাগ প্রতি সপ্তাহে গড়ে ৩/৪ টন কাঁচামাল ক্রয় ও সরবরাহ করে। ফলে উৎপাদন বিভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে পারে না। এতে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়। উৎপাদন বৃদ্ধির জন্য সম্প্রতি কর্মী বিভাগ উৎপাদন বিভাগের জন্য আরো ২০ জন কর্মী নিয়োগের সিদ্ধান্ত নেয়।

ক. শ্রমবিভাজন নীতি কি? ১

খ. কার্যভিত্তিক সংগঠন বলতে কি বুঝায়? ২

গ. ব্যবস্থাপনার কোন কাজটি যথাযথভাবে সম্পন্ন না হওয়ায় মিতা ইন্ড্রাস্ট্রিজ ক্ষতির সম্মুখীন হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর কর্মী বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের ফলে উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হবে? যুক্তিসহ মতামত দাও। ৪

২. রফিক ও শফিক দুটি প্রতিষ্ঠানের মালিক। রফিকের প্রতিষ্ঠানের কর্মীরা তার প্রত্যক্ষ তত্ত্বাবধান, নির্দেশনা ও নিয়ন্ত্রণাধীন থেকে কার্যসম্পাদন করেন। শফিকের প্রতিষ্ঠানের কর্মীদেরকে তত্ত্বাবধান, নির্দেশনা ও নিয়ন্ত্রণে সহায়তা করার জন্য একজন বিশেষজ্ঞ কর্মী আছেন। শফিক বিশেষজ্ঞ কর্মীকে নির্বাহীর দায়িত্ব অর্পণ করেন।

ক. লক্ষ্য কী? ১

খ. সাংগঠনিক কাঠামো বলতে কি বুঝায়? ২

গ. উদ্দীপকে রফিকের সংগঠন কাঠামো কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. একটি বৃহদায়তন কারিগরি প্রতিষ্ঠানের জন্য উদ্দীপকের সংগঠন দুটি কোনটি অধিকতর উত্তম বলে তুমি মনে কর? ধরণ উল্লেখপূর্বক যুক্তি দাও। ৪

৩. নিজামপুর বিসিক শিল্পনগরীতে জনাব হান্নান একটি মশার কয়েল তৈরির কারখানা স্থাপন করেন। তিনি প্রতিষ্ঠানের কর্মীদের ন্যায্য বেতন ভাতাদি প্রদান করেন। প্রতিষ্ঠানটি উৎপাদনে যাওয়ার কিছুদিন পর তিনি কারখানা পরিদর্শনে গিয়ে দেখতে পেলেন একটি ছোট ঘরের মধ্যে অনেকজন কর্মী গাদাগাদি করে কাজ করছে এবং সুপারভাইজার তাদের প্রতি যত্নশীল নন। ফলে দিনে দিনে উৎপাদনের পরিমাণ হ্রাস পাচ্ছে। এ প্রেক্ষিতে হান্নান সাহেব কাজের উপযুক্ত পরিবেশ সৃষ্টির জন্য সুপারভাইজারকে নির্দেশ দিলেন।

ক. প্রেষণা কী? ১

খ. প্রেষণা চক্র ব্যাখ্যা কর। ২

Teachingbd.com

গ. কোন প্রেষণার অভাবে হান্নান সাহেবের কারখানাতে উৎপাদন হ্রাস পাচ্ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর হান্নান সাহেবের গৃহীত পদক্ষেপ প্রতিষ্ঠানটি উৎপাদন বৃদ্ধিতে সহায়ক হবে? মতামত দাও। ৪

৪. ফরহাদ হোসেন বাংলাদেশে এলুমিনিয়াম ইন্ডাষ্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক। তিনি কর্মীদের বিভিন্ন সুবিধা-অসুবিধার কথা শোনেন এবং সমাধানের চেষ্টা করেন। নীতি নির্ধারণ ও সিদ্ধান্তগ্রহণে মতামত দেওয়ার সুযোগ পেয়ে কর্মীরাও ব্যবস্থাপনার প্রতি সন্তুষ্ট। কর্মীব্যবস্থাপনা ও পণ্যের মানের কারণে প্রতিষ্ঠানটি ISO সনদ লাভ করে কিন্তু সম্প্রতি কিছু প্রতিযোগী প্রতিষ্ঠানের ইন্ধনে কিছু শ্রমিক উক্ত প্রতিষ্ঠানে বিশৃঙ্খলার চেষ্টা করছে।

ক. নির্দেশনা কী? ১

খ. নির্দেশনাকে প্রশাসনের হৃদপিন্ড বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানে কোন ধরনের নির্দেশনা বিদ্যমান ব্যাখ্যা কর। ৩

ঘ. বর্তমান পরিস্থিতি মোকাবেলায় কোন ধরনের নেতৃত্ব অধিকতর প্রয়োগযোগ্য বলে তুমি মনে কর? যুক্তিসহ দেখাও। ৪

৫. রাণীপুর গ্রামের অতি দরিদ্র পরিবারে প্রীতমের জন্ম। তিনি তার ৫ ভাইয়ের মধ্যে বড়। খুব কষ্টে লেখাপড়া শেষ করে বিখ্যাত 'ফার' কোম্পানিতে চাকুরি পায়। তার চাকুরির বয়স ১০ বছর। ভাল বেতন পান এবং পরিবারের সকলকে দেখাশোনা করেন। বর্তমানে তিনি বাড়ি করার কথা ভাবছেন। কোম্পানিতে নিয়মিত পদোন্নতি দেওয়া হয় এবং চিকিৎসা, পরিবহন ও ভবিষ্যৎ তহবিলের সুবিধা দেওয়া হয়। তারপরও প্রতিষ্ঠানের কর্মীরা মনে করেন এই প্রতিষ্ঠান তাদের নয় বরং তাদের দ্বারা অর্জিত আয়ের সবগুলোই মালিক পক্ষ পায়। এতে কর্মীদের মধ্যে অসন্তোষ বিরাজ করে।

ক. হার্জবার্গের রক্ষণাবেক্ষণমূলক উপাদান কী? ১

খ. প্রেষণাকে একটি অবিরাম প্রক্রিয়া গণ্য করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রীতম মাসলোর চাহিদা সোপান তত্ত্বের কোন স্তরে অবস্থান করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ফার' কোম্পানিতে শ্রমিকের অসন্তোষ নিরসনের জন্য আর্থিক কোন উপাদান অনুসরণ করা উচিত বলে তুমি মনে কর, মতামত দাও। ৪

৬. ভূঁইয়া এন্টারপ্রাইজের এম ডি জনাব কামাল। তিনি কর্মীদের সাথে পরামর্শ করে সিদ্ধান্ত নেন যে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এখন থেকে কর্মী নিয়োগে লিখিত, মৌলিক ও স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ করতে হবে। কর্মী বিভাগের ব্যবস্থাপক, আহ্বায়ক হিসেবে যাবতীয় ব্যবস্থা নিবেন। ক্রয় ও বিক্রয় বিভাগের ব্যবস্থাপক সদস্য হিসেবে তাকে সহযোগিতা করবেন।

ক. স্বল্পমেয়াদী পরিকল্পনা কী? ১

খ. পরিকল্পনা অঙ্গন বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ. কর্মী নিয়োগে প্রকৃতিভিত্তিক কোন ধরনের পরিকল্পনা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উদ্ভূত সংগঠন কাঠামো প্রতিষ্ঠানের নিয়মিত কার্যক্রমের জন্য উপযুক্ত নয়— ধরন উল্লেখপূর্বক যুক্তি দাও। ৪

৭. আরিফ জুট মিলের ব্যবস্থাপনা পরিচালক কার্যসম্পাদনে কারো মতামতকে মূল্য না দিয়ে নিজের মতকে প্রতিষ্ঠিত করতে সচেষ্ট থাকেন। প্রতিষ্ঠানে জেনারেটর ক্রয়ের প্রসঙ্গে সবাই জাপান থেকে জেনারেটর ক্রয়ের মতামত দেয় কিন্তু তিনি একক সিদ্ধান্তে

http://teachingbd.com

সেটি চীন থেকে ক্রয় করেন। অন্যদিকে MM গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক একজন ধীর স্থির ব্যক্তি। প্রতিষ্ঠানে জেনারেটর ক্রয়ের সময় তিনি ২ সভায় মতামত দেন। সভার অধিকাংশ সদস্যের মতামতের ভিত্তিতে তিনি জাপান থেকে জেনারেটরটি ক্রয় করেন। এই প্রতিষ্ঠানে শ্রম ব্যবস্থাপনা সম্পর্ক ইতিবাচক।

ক. কর্মীকেন্দ্রীক নেতৃত্ব কী? ১
খ. একজন আদর্শ নেতাকে দূরদৃষ্টির অধিকারী হতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আরিফ জুট মিলে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. কর্মী বিবেচনায় উদ্দীপকের দুটি প্রতিষ্ঠানের কোন নেতৃত্ব উত্তম? ধরন উল্লেখপূর্বক যুক্তি দাও। ৪

৮. জনাব শাদমান ও ফারহান মাসুদ গার্মেন্টস পণ্য আমদানি ও রপ্তানির সাথে জড়িত। প্রতিষ্ঠানটি নিজস্ব কারখানার উৎপাদন ও বিপণন কর্মীদের সাথে ভিডিও কনফারেন্স ও অডিও কনফারেন্স এর মাধ্যমে নির্দেশনা প্রেরণ করে। তবে প্রতিষ্ঠানটি বিদেশী ব্যবসায়ীদের সাথে প্রয়োজনে তারা তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে ফ্যাক্স ও ই-মেইল ব্যবহার করে।

ক. ফলাবর্তন কি? ১
খ. যোগাযোগ প্রক্রিয়া ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠান কোন আক্ষরিক বা শাব্দিক যোগাযোগ পদ্ধতি ব্যবহারের মাধ্যমে নিজস্ব কর্মীদের সাথে তথ্য আদান-প্রদান করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিদেশি ব্যবসায়ীদের সাথে তথ্য আদান-প্রদানে ব্যবহৃত যোগাযোগ পদ্ধতির ধরন উল্লেখপূর্বক গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৯. ২০১০ সালের ১ জানুয়ারি আলম ফ্যান লিঃ বছরে ১০,০০,০০০ (দশ লক্ষ) একক ফ্যান উৎপাদনের লক্ষ্যমাত্রা নিয়ে যাত্রা শুরু করে। গত পাঁচ বছরে কোম্পানির উৎপাদন চিত্র নিম্নরূপ ঃ

| সাল | উৎপাদনের পরিমাণ (একক) | পার্থক্য (একক) |
|---|---|---|
| ২০১০ | ৮,০০,০০০ | (–) ২,০০,০০০ |
| ২০১১ | ৮,৫০,০০০ | (–) ১,৫০,০০০ |
| ২০১২ | ৯,০০,০০০ | (–) ১,০০,০০০ |
| ২০১৩ | ৯,৫০,০০০ | (–) ৫০,০০০ |
| ২০১৪ | ৯,৭৫,০০০ | (–) ২৫,০০০ |

ক. নিয়ন্ত্রণ কী? ১
খ. পরিকল্পনাকে কেন নিয়ন্ত্রণের ভিত্তি বলা হয়? ২
গ. আলম ফ্যান লিঃ উৎপাদনে নিয়ন্ত্রণের কোন কৌশল অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমান অবস্থায় আলম ফ্যান লিঃ এর করণীয় সম্পর্কে তোমার অভিমত তুলে ধর। ৪

১০. আলমাস গার্মেন্টস এর ৩,০০০ জন কর্মচারি কর্মকর্তার মধ্য হতে ১০ জন অভিজ্ঞ কাটিং মাস্টার ও ৫০ জন শ্রমিক অন্য প্রতিষ্ঠানে চাকরি নিয়ে চলে গেছেন। সহকারি কাটিং মাস্টারের পদোন্নতি দিয়ে এবং কর্মরত শ্রমিকদের কারো বন্ধু-বান্ধব, কারো ভাই-বোন, কারো আত্মীয়স্বজনদের নিয়োগ দিয়ে শূন্য ৬০টি পদ পূরণ করা হয়েছে।

Teachingbd.com

প্রতিষ্ঠানটি আরো একটি নতুন ইউনিট খোলার উদ্যোগ গ্রহণ করেছে, যেখানে ন্যূনতম ৫০০ জন নতুন কর্মী প্রয়োজন। কর্মীব্যবস্থাপক প্রতিষ্ঠানের প্রয়োজনীয় ৫৬০ জন কর্মী নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করেছেন।

ক. প্রশিক্ষণ কি? ১

খ. পদোন্নতির ভিত্তিসমূহ আলোচনা কর। ২

গ. উদ্দীপকে প্রথম পর্যায়ে ৬০ জন কর্মী কোন উৎস থেকে সংগ্রহ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ৫৬০ জন কর্মী নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের যৌক্তিকতা কী? মূল্যায়ন কর। ৪

১১. পদ্মা গার্মেন্টস উৎপাদন বিভাগের জন্য প্রতিমাসে ৮০০০ পিচ শার্ট তৈরির লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। প্রাপ্ত সুযোগ-সুবিধার পূর্ণ ব্যবহার করে গত চার মাসে উৎপাদনের প্রকৃত পরিমাণ ছিল ৭৩০০, ৭৫০০, ৭২০০ এবং ৭৪০০ পিচ। সার্বিক বিষয় বিবেচনা করে কর্তৃপক্ষ মাসিক উৎপাদন লক্ষ্যমাত্রা ৭৫০০ পিচ পুনঃনির্ধারণ করার চিন্তা করেন।

ক. বাজেট কী? ১

খ. 'নিয়ন্ত্রণ কার্যব্যবস্থাপনার উচ্চস্তরে অধিক মাত্রায় সম্পৃক্ত' ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নিয়ন্ত্রণ ব্যবস্থায় ব্যবহৃত আদর্শমান কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ চিন্তার যৌক্তিকতা বিচার কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২য় পত্র (বহুনির্বাচনি) বিষয় কোড | ২ | ৭ | ৮ |

সময় ঃ ৩০ মিনিট পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. POSDCORB এর আবিষ্কারক কে?
ⓚ হেনরী ফেয়ল ⓚh লুথার এল গুলিক
ⓖ লুইস এ এলেন ⓖh চার্লস ব্যাবেজ

২. কোন পরিকল্পনা ব্যবস্থাপকদের কর্মভার লাঘব করে?
ⓚ একার্থক ⓚh স্থায়ী ⓖ মধ্যমেয়াদী ⓖh দীর্ঘমেয়াদী

৩. যোগাযোগ প্রক্রিয়ায় প্রাপক কর্তৃক তথ্য গ্রহণ করে সাজানোকে বলা হয়—
ⓚ এনকোডিং ⓚh ডিকোডিং ⓖ বার্তা ⓖh ফলাবর্তন

৪. ব্যবস্থাপকের মৌলিক কাজের অন্তর্ভুক্ত—
i. নির্দেশনা ii. সিদ্ধান্তগ্রহণ
iii. সমন্বয় সাধন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
একটি প্রতিষ্ঠিত এনজিও ৫০ জন মাঠকর্মী নিয়োগের উদ্দেশ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়। প্রচুর আবেদনকারীর মধ্য থেকে লিখিত পরীক্ষার মাধ্যমে ১০০ জনকে বাছাই করে একটি ক্যাম্পে রেখে নানান বিষয়ে শিক্ষাদানের পাশপাশি পর্যবেক্ষণ করা হয়। এরপর ৫০ জনকে নিয়োগপত্র দেওয়া হয়।

৫. উদ্দীপকে প্রার্থীদের ক্যাম্পে রাখা কর্মীসংস্থানের কোন পর্যায় পড়ে?
ⓚ কর্মসংগ্রহ ⓚh কর্মী নির্বাচন
ⓖ প্রশিক্ষণ ⓖh কর্মী নিয়োগ

৬. কর্তৃপক্ষের এভাবে কর্মী নিয়োগের যৌক্তিকতা হলো—
i. যোগ্য কর্মী নিয়োগ করা
ii. প্রার্থীদের প্রতিষ্ঠান সম্পর্কে ধারণা দেওয়া
iii. প্রার্থীদের নৈতিকতার মান উন্নত করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚh ii ⓖ iii ⓖh i ও iii

৭. নেটওয়ার্কে সংকটময় পথ চিহ্নিত করতে কী ব্যবহৃত হয়?
ⓚ CPM ⓚh BEP ⓖ PERT ⓖh IRR

৮. কর্মীরা স্বেচ্ছাচারী হয়ে উঠে কোন নেতৃত্বে?
ⓚ লাগামহীন ⓚh গণতান্ত্রিক
ⓖ প্রভুত্বমূলক ⓖh পিতৃসুলভ

৯. দ্বি-উপাদান তত্ত্বে প্রেষণামূলক উপাদানের বিষয়বস্তু হলো—
i. বেতন ii. স্বীকৃতি
iii. সাফল্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ১০ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
জনাব রহমান আশা সিমেন্ট কোম্পানির মহাব্যবস্থাপক। তার অধীনে চারটি বিভাগে চারজন ব্যবস্থাপক আছেন। তিনি গুরুত্বপূর্ণ বিষয়াবলীর সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিজের কাছে রেখে অপরাপর বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা বিভাগীয় ব্যবস্থাপকের মধ্যে বন্টন করে দেন।

১০. জনাব রহমান এ ক্ষেত্রে ব্যবস্থাপনার কোন নীতিটি অনুসরণ করেছেন?
ⓚ কার্যবিভাজন ⓚh কর্তৃত্ব ও দায়িত্বের সমতা
ⓖ জোড়া মই শিকল ⓖh কেন্দ্রীকরণ ও বিকেন্দ্রীকরণ

১১. নীতি কোন ধরনের পরিকল্পনা?
ⓚ একার্থক ⓚh স্থায়ী ⓖ লক্ষ্য ⓖh সামগ্রিক

১২. PERT নিয়ন্ত্রণের একটি—
ⓚ বৈশিষ্ট্য ⓚh পদক্ষেপ ⓖ গুণ ⓖh কৌশল

১৩. আধুনিক তথ্য প্রযুক্তিনির্ভর মৌলিক যোগাযোগ পদ্ধতি হলো—
i. অডিও কনফারেন্সিং
ii. কনফারেন্স
iii. ভিডিও কনফারেন্সিং
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
জনাব শাহীন জামান একটি স্বনামধন্য প্রতিষ্ঠানের মালিক। তিনি প্রতিষ্ঠানের প্রধান হিসেবে কর্মীদের কঠোর শাসন এবং স্নেহ ভালবাসার মাধ্যমে কাজ আদায় করেন। উৎপাদন বিভাগের একজন শ্রমিক আহত হলে তিনি চিকিৎসার যাবতীয় ব্যয়ভার গ্রহণ করেন। তার কর্মকান্ডে কর্মীরা তার উপর সন্তুষ্ট।

১৪. উদ্দীপকে জনাব জামান কোন ধরনের নের্তৃত্ব প্রয়োগ করেন?
ⓚ স্বৈরতান্ত্রিক ⓚh পিতৃসুলভ
ⓖ গণতান্ত্রিক ⓖh কর্মকেন্দ্রিক

১৫. বর্ণিত প্রতিষ্ঠানে জামান সাহেবের এরূপ নেতৃত্বের ফলে—
i. প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি পাবে
ii. মালিক শ্রমিক সম্পর্ক উন্নয়ন হবে
iii. প্রতিষ্ঠানের ব্যয় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১৬. প্রেষণার প্রভাবে নিচের কোনটি সরাসরি প্রভাবান্বিত হয়?
ⓚ মানুষের সম্পর্ক ⓚh মানুষের আচরণ
ⓖ মানুষের মূল্যবোধ ⓖh মানুষের প্রত্যাশা

১৭. প্রশিক্ষণের মাধ্যমে কর্মীদের বৃদ্ধি পায়—
ⓚ শিক্ষা ⓚh মনোবল ⓖ দক্ষতা ⓖh সন্তুষ্টি

১৮. নির্দেশনাকে সংগঠনের কি বলা হয়?
ⓚ প্রাণ ⓚh হাত ⓖ মাথা ⓖh হৃদপিন্ড

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
প্রকল্প কর্মকর্তা বজলুর রহমান তার অধীনে নির্মাণাধীন ভবনের কার্য পর্যবেক্ষণ করে কিছু ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হওয়ায় উহা নিরসনের ব্যবস্থা করেন।

১৯. উদ্দীপকে বর্ণিত বজলুর রহমানের কাজটি ব্যবস্থাপনার কোন কাজের অংশ?
ⓚ পরিকল্পনা ⓚh নির্দেশনা
ⓖ সমন্বয়সাধন ⓖh নিয়ন্ত্রণ

Teachingbd.com

২০. ব্যবস্থাপনার উন্নয়নের ইতিহাসে সবচেয়ে প্রাচীন সভ্যতা কোনটি?
ক মিশরীয় সভ্যতা খ ব্যাবলনীয় সভ্যতা
গ গ্রীক সভ্যতা ঘ রোম সভ্যতা

২১. দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে একজন আদর্শ ব্যবস্থাপকের কোন দক্ষতা থাকা প্রয়োজন?
ক কারিগরি খ আন্তঃব্যক্তিক
গ ধারণাগত ঘ সমস্যা অনুধাবন

**নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও ঃ**

স্কয়ার কোম্পানি লিমিটেড তাদের বিক্রয় বৃদ্ধির জন্য সামগ্রীক কার্যাবলীকে কতকগুলো প্রকল্পে বিভক্ত করে। প্রকল্প ব্যবস্থাপক ও প্রকল্পে সহায়তাদানকারী বার্ষিক বিভাগসমূহের নির্বাহীদের নিয়ন্ত্রণে কর্মীদের কাজ করতে হয়।

২২. উদ্দীপকের প্রতিষ্ঠানটির সাংগঠনিক কাঠামোর ধরণ কি?
ক সরলরৈখিক খ সরলরৈখিক ও পদস্থ
গ কার্যভিত্তিক ঘ মেট্রিক্স

২৩. উদ্দীপকের সংগঠন কাঠামোর সুবিধা হলো—
i. সম্পদের যথাযথ ব্যবহার ii. নমনীয়তা
iii. ব্যক্তিক উন্নয়নের সুযোগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. দ্বি-মুখী যোগাযোগের সাথে একমুখী যোগাযোগের পার্থক্য নির্দেশক কোনটি?
ক ফলাবর্তন খ সংবাদ
গ মাধ্যম ঘ প্রেরক গ্রাহক

২৫. নিচের কোনটি স্থায়ী পরিকল্পনা?
ক বাজেট খ মিশন গ প্রকল্প ঘ নীতি

২৬. প্রেষণা চক্রের প্রথম ধাপ কোনটি?
ক তাড়না খ অভাব
গ উদ্বিগ্নতা ঘ উদ্বেগ হ্রাস

২৭. সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ার প্রথম ধাপ কোনটি?
ক আদর্শমান নির্ধারণ খ তথ্যসংগ্রহ ও বিশ্লেষণ
গ সমস্যা চিহ্নিতকরণ ঘ বিকল্প নির্ধারণ

মিঃ মুহীত ১৯৯০ সালে সায়হাম টেক্সটাইলে সহকারী বিক্রয় ব্যবস্থাপক হিসেবে যোগ দেন। তাঁর সাথে একই সময়ে যোগ দেয়া মিঃ রহিম বর্তমানে প্রতিষ্ঠানের মহাব্যবস্থাপক হিসেবে কর্মরত আছেন। আর্থিক সুবিধাদি যথাযথভাবে পেলেও বর্তমানে মিঃ মুহীত হতাশাবোধ করেন।

২৮. মিঃ মুহীতের জন্য কোন ধরনের প্রেষণা প্রযোজ্য?
ক বোনাস খ বেতন বৃদ্ধি
গ পদোন্নতি ঘ উন্নত কর্মপরিবেশ

২৯. কোন বৈশিষ্ট্য অনুযায়ী পরিকল্পনা পরিবর্তিত পরিবেশের সাথে সামঞ্জস্য বিধান করে?
ক যথার্থতা খ সারল্য
গ নমনীয়তা ঘ বাস্তবমুখীতা

৩০. শিল্পবিপ্লব প্রথম ঘটে কোন দেশে?
ক জাপান খ চীন
গ যুক্তরাষ্ট্র ঘ ইংল্যান্ড

Teachingbd.com